

নং-৪২.০০.০০০০.০৩২.০১১.০১.১৬- ৭৯৬

তারিখ: ০৪ ভাদ্র ১৪২৫  
১৯ আগস্ট ২০১৮

### অফিস আদেশ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫ এপ্রিল ২০১৮ তারিখের ০৫.০০.০০০০.০০০০.১৭০.১১.০৩৫.১৭-৯৬ সংখ্যক স্মারকের আলোকে পানি সম্পদ মন্ত্রণালয়ের বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি কমিটির ১৪ আগস্ট ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সর্বসম্মত সিদ্ধান্তক্রমে নিম্নবর্ণিত প্রার্থীগণকে উল্লিখিত শর্তাধীনে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতনস্কেলে পানি সম্পদ মন্ত্রণালয়ে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	নাম ও পিতা/স্বামীর নাম	পদের নাম	বেতনস্কেল	জেলা
১.	মো: মেহেদী হাসান পিতা: মো: আতিয়ার বিশ্বাস মাতা: সেলিনা বেগম	ক্যাশিয়ার	১০২০০-২৪৬৮০/- (১৪তম গ্রেড)	যশোর

#### শর্তাবলী:

- ১। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।
- ২। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ চাকরিতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিস থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাঁদের চাকরি অবসান ঘটাতে পারবেন।
- ৩। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৪। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোনরূপ বিরূপ মন্তব্য থাকলে তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিলের ক্ষমতা রাখেন।
- ৫। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।
- ৬। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধিবিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ৭। চাকরিতে তাঁর/তাঁদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী।
- ৮। প্রার্থী বিদেশী কোন নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহের অঙ্গীকারাবদ্ধ হলে এ নিয়োগ আদেশ বাতিল হবে।
- ৯। কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতিপত্র (Release Letter) গ্রহণপূর্বক যোগদানপত্রের সাথে অবশ্যই উক্ত ছাড়পত্র দাখিল করতে হবে।
- ১০। শিক্ষানবিস সময়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলে অনুপস্থিতির দিন হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে চাকরিচ্যুত হিসেবে গণ্য করা হবে এবং পদটি শূন্য বলে বিবেচিত হবে।
- ১১। মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/নাতি-নাতনী, প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি কোটায় নিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে যাচাইঅন্তে সংশ্লিষ্ট সনদ সঠিক বিবেচিত না হলে তার/তাদের নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং তাঁর/তাঁদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। সরকার নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সাথে সম্পাদন করতে হবে।
- ১৩। এ চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০২। উপরিউক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ০৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখ পূর্বাঙ্কে উপসচিব (প্রশাসন-২), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

স্বাঃ

(হোসনেআরা আক্তার)

উপ-সচিব

ফোন: ৯৫৪০৭০১


ই-মেইল: [admin2@mowr.gov.bd](mailto:admin2@mowr.gov.bd)

নং-৪২.০০.০০০০.০৩২.০১১.০১.১৬- ৭৯৬ (৩৬)

তারিখ: ০৪ ভাদ্র ১৪২৫  
১৯ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: উপসচিব, নিরাপত্তা-২, নিয়োগপত্র প্রদর্শণ সাপেক্ষে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
- ৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
- ৫। পুলিশ সুপার, যশোর।
- ৬। সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধ করা হলো)।
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। যুগ্ম-সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। জনাব মো: মেহেদী হাসান, পিতা: মো: আতিয়ার বিশ্বাস, গ্রাম: জয়রামপুর, ডাকঘর: বসুন্দিয়া-৭৪০৬, উপজেলা: বাঘারপাড়া, জেলা: যশোর।
- ১৫। ব্যক্তিগত নথি।
- ১৬। অফিস কপি।



(হোসনেআরা আক্তার)

উপ-সচিব

ফোন: ৯৫৪০৭০১